জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

কলেজ পরিদর্শন দপ্তর
ই-মেইল: college.inspection@nu.ac.bd

স্মারক নং- ০৭(ঢ-৭১৭) জাতীঃবিঃ/কঃপঃ/ ১৩৯১৩ তারিখ ঃ ০৫/০৭/২০২৬

প্রজ্ঞাপন

বিষয় : জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কলেজ পরিদর্শন দপ্তরে কোনো ই-মেইল প্রেরণের ক্ষেত্রে শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রদত্ত অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার প্রসঙ্গে ।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জাতীয় বিশ্ববিদ্যালয়ে কোনো ই-মেইল প্রেরণের ক্ষেত্রে শুধুমাত্র **জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রদত্ত অফিসিয়াল ই-মেইল আইডি (c**কলেজ কোড**@nu.ac.bd)** থেকে ই-মেইল করার জন্য ২৮/০৭/২০২৫ তারিখে ২৬(১৪৩)জাতী:বি:/আইসিটি/২০২১/গুগল ওয়ার্কস্পেস/৮৪৩৫ স্মারকে প্রজ্ঞাপন জারী করা হয়। উক্ত প্রজ্ঞাপনে ব্যক্তিগত বা অন্য কোনো ই-মেইল থেকে প্রেরিত কোনো বার্তা গ্রহনযোগ্য হবে না মর্মে বলা হয়। কিন্তু পরিলক্ষিত হচ্ছে যে, এখনো অধিকাংশ অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অনলাইনে কোনো বিষয়ে আবেদন/তথ্য প্রেরণের ক্ষেত্রে ব্যক্তিগত বা অন্য কোনো ই-মেইল থেকে আবেদন/তথ্যাদি প্রেরণ করেন। যার ফলে দাপ্তরিক কাজে বিলম্ব ঘটছে এবং প্রেরিত আবেদন/তথ্যাদি বিধি সম্মত/অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত কিনা তা নিরুপণে জটিলতা হচ্ছে। এতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রতার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কলেজ পরিদর্শন দপ্তরের ই-মেইলে **(college.inspection@nu.ac.bd)** কোনো বিষয়ে আবেদন/তথ্যাদি প্রেরণ করার ক্ষেত্রে **অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রদত্ত অফিসিয়াল ই-মেইল আইডি (c**কলেজ কোড**@nu.ac.bd) থেকে ই-মেইল করতে হবে। ব্যক্তিগত বা অন্য কোনো ই-মেইল থেকে আবেদন/তথ্যাদি প্রেরণ করলে তা কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না ।**

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

05/07/26
নাজিম উদ্দিন আহমেদ
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০

স্মারক নং- ০৭(ঢ-৭১৭) জাতীঃবিঃ/কঃপঃ/ ১৩৯১৩ তারিখঃ ০৫/০৭/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়;
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (**পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে-এ প্রকাশ ও অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে গ্রুপ মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ**);
৩। অতি: রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৪। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-১ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৫। উপ-রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-২ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৭। অফিস কপি।

05/07/26
কলেজ পরিদর্শক(ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়